# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩০৪

৫/ মসজিদ ও সালাতের স্থান ( كتاب الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلاَةِ)

পরিচ্ছেদঃ ৩৬. যারা বলেন, মধ্যবর্তী সালাত আসরের সালাত, তাদের প্রমান

## باب الدَّلِيلِ لِمَنْ قَالَ الصَّلاَةُ الْوُسْطَى هِيَ صَلاَةُ الْعَصْرِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا الْفُضَيْلُ بْنُ مَرْزُوقٍ، عَنْ شَقِيقِ بْنِ عُقْبَةَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ نَزَلَتْ هَذِهِ الآيَةُ حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَصَلاَةِ الْعَصْرِ ‏.‏ فَقَرَأْنَاهَا مَا شَاءَ اللَّهُ ثُمَّ نَسَخَهَا اللَّهُ فَنَزَلَتْ ‏(‏ حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلاَةِ الْوُسْطَى‏)‏ فَقَالَ رَجُلٌ كَانَ جَالِسًا عِنْدَ شَقِيقٍ لَهُ هِيَ إِذًا صَلاَةُ الْعَصْرِ ‏.‏ فَقَالَ الْبَرَاءُ قَدْ أَخْبَرْتُكَ كَيْفَ نَزَلَتْ وَكَيْفَ نَسَخَهَا اللَّهُ ‏.‏ وَاللَّهُ أَعْلَمُ ‏.‏
قَالَ مُسْلِمٌ وَرَوَاهُ الأَشْجَعِيُّ عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ، عَنِ الأَسْوَدِ بْنِ قَيْسٍ، عَنْ شَقِيقِ بْنِ عُقْبَةَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ قَرَأْنَاهَا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم زَمَانًا ‏.‏ بِمِثْلِ حَدِيثِ فُضَيْلِ بْنِ مَرْزُوقٍ ‏.‏

বাংলা

১৩০৪। ইসহাক ইবনু ইবরাহীম আল হানযালী (রহঃ) ... বারা ইবনু আযিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, "তোমরা সালাতের প্রতি যত্নবান হবে এবং আসরের সালাতের প্রতি" (বাকারাঃ ২৩৮) এ আয়াতটি অবতীর্ণ হয়েছে আর আমরা তা পড়েছি যত দিন আল্লাহর ইচ্ছা। এরপর আল্লাহ তা রহিত করে দিলেন। এরপর অবতীর্ণ হল, "তোমরা সালাতের প্রতি যত্নবান হবে, বিশেষত মধ্যবতী সালাতের" (বাকারাঃ ২৩৮)। সে সময়ে এক ব্যাক্তি যিনি 'শাকীক' এর কাছে বসা ছিলেন তিনি বললেন, তাহলে এ হচ্ছে আসরের সালাত। তখন বারা (রাঃ) বললেন, কিরূপে আয়াতটি অবতীর্ণ হয়েছে এবং কিভাবে আল্লাহ তা রহিত করে দিলেন আমি তা তোমাকে অবহিত করেছি। আল্লাহই অধিক জ্ঞাত।

ইমাম মুসলিম বলেন, এ হাদীসটি রিওয়ায়াত করেছেন আশজাঈ (রহঃ) ... বারা ইবনু আযিব (রাঃ) থেকে। তিনি বলেন, আমরা এ আয়াতটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কিছুকাল পর্যন্ত পাঠ করেছি। ফুযায়ল ইবনু মারযূক (রহঃ) এর হাদীসের অনুরূপ।

## English

Al-Bara' b. 'Azib reported:
This verse was revealed (in this way):" Guard the prayers and the 'Asr prayer." We recited it (in this very way) so long as Allah desired. Allah, then, abrogated it and it was revealed:" Guard the prayers, and the middle prayer." A person who was sitting with Shaqiq (one of the narrators in the chain of transmitters) said: Now it implies the 'Asr prayer. Upon this al-Bara' said: I have already informed you how this (verse) was revealed and how Allah abrogated it, and Allah knows best.

Imam Muslim said:
Ashja'i narrated it from Sufyan al-Thauri, who narrated it from al-Aswad b. Qais, who narrated it from 'Uqba, who narrated it from al-Bara' b. 'Azib who said: We recited with the Prophet (ﷺ) (the above-mentioned verse like this, i. e. instead of Salat al- Wusta, Salat al-'Asr) for a certain period. as It has been mentioned (in the above-quoted hadith).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন